

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।  
ওয়েব সাইট : [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)  
ই-মেইল : [dteadvoc@gmail.com](mailto:dteadvoc@gmail.com)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৪৭৫.১৭. ২০৬০

তারিখ : ২৭/১২/২০১৭ খ্রিঃ

বিষয় : হাউজকিপিং ট্রেনিং কোর্স চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হাউজকিপিং ট্রেনিং কোর্সে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষার্থীদের দেশে-বিদেশে বিপুল চাহিদা রয়েছে।

- ২। বর্ণিত কোর্সটির প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষার্থীদের দেশে-বিদেশে বিপুল চাহিদা থাকার বিষয়টি বিবেচনা করে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয় ঢাকার পাশ্ববর্তী টেকনিক্যাল স্কুল ও কলেজ সমূহে কোর্সটি চালু করার ব্যাপারে নির্দেশনা প্রদান করেছেন।
- ৩। অত্র অধিদপ্তরাধীন ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে হাউজকিপিং ট্রেনিং কোর্সটি সফলতার সহিত চালু রয়েছে। ফলে ঢাকার পাশ্ববর্তী টেকনিক্যাল স্কুল ও কলেজে কোর্সটি চালু করার ক্ষেত্রে প্রয়োজনে ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট পরিদর্শন করে তার অনুকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
- ৪। এমতাবস্থায়, ঢাকার পাশ্ববর্তী মানিকগঞ্জ, গাজীপুর, নরসিংদী, নারায়নগঞ্জ, জয়পাড়া ও মুন্সীগঞ্জ অবস্থিত টেকনিক্যাল স্কুল ও কলেজ সমূহে হাউজকিপিং ট্রেনিং কোর্সটি দ্রুত চালুকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। বর্ণিত কোর্সটি চালু করার ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত একটি প্রতিবেদন আগামী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(অশোক কুমার বিশ্বাস)  
অতিরিক্ত সচিব (কারিগরি)  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : অধ্যক্ষ

মানিকগঞ্জ/ গাজীপুর/ নরসিংদী/ নারায়নগঞ্জ/ জয়পাড়া ও মুন্সীগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ।

অনুলিপি :

- ০১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।